# মনের অসুখ

প্রণতি ভৌমিক

গ্রামটা যখন রোদ্দুরে পোড়ে
চৈত্র বাতাস ধূলো ওড়ায়
আমার অসুখ বাড়িয়ে তোলে
তোর ধরা ঐ গানের সুরে।

একতারাতে সুর বাজিয়ে মাঠের পথে
যাস চলে তুই আমার মনের সুখটি নিয়ে
ঝড়ের খেয়ায় মনের মাঝে অসুখ বাধে।

মন বলে যাই তোর পথেতেই
ফিরে নিতে আমার সুখ
ছুটবো বলে সেই উঠেছি
ঘুণ ধরা এই শরীর কাঠে -- ঘুণ পোকাটা
জড়িয়ে ধরে পা দুটোকে।

মনের অসুখ মনে নিয়েই
ভাসাচ্ছি গা ধূলোর ঝড়ে
গ্রামটা তখন পুড়তে থাকে রোদ্দুরেই।।

যোগাযোগ ঃ ৬৬ স্কুল রোড, রামকৃষ্ণ পল্লী, বিরাটী, কলিকাতা -- ৭০০০৫১
pranatibhowmick7@gmail.com
Phone : 9239734835